দৈনিক বাংলা

তারিখ 18 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

২৫

### নগরীতে যানজট ঃ ২৪ জন গ্রেফতার

# এসএসসি পরীক্ষা পদ্ধতি বাতিল দাবীতে মিছিল ঃ ভাংচুর

।। স্টাফ রিপোর্টার ।।

শনিবার রাজধানীর বিভিন্ন হাই স্কুলের ছাত্ররা এসএসসি পরীক্ষার নয়া পদ্ধতি বাতিলের দাবীতে কয়েক স্থানে মিছিল বের করে। এই সময় ২৫/৩০টি গাড়ি ভাঙচুর করা হয়। ঢাকা মাহনগর পুলিশ গাড়ি ভাঙচুর ও পথরোধ করার অভিযোগে ২৪ জনেক গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত অধিকাংশই ছাত্র বলে পুলিশসুত্রে জানা গেছে।

সকাল থেকে ছাত্ররা তাদের উল্লিখিত দাবীতে রাজধানীতে খন্ড খন্ড মিছিল বের করে। পরে এই মিছিল জাতীয় প্রেসক্লাব থেকে মতিঝিল, গুলিস্তান প্রভৃতি এলাকায় ছড়িয়ে পড়ে। পুলিশ জানায়, এ সময় মতিঝিল থানা এলাকায় ৬টি গাড়ি ও কোতোওয়ালী থানা এলাকায় একটি

(শেষ. পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

গাড়ি ভাঙচুর করা হয়। এতে যানবাহন চলাচলে বিঘ্নের সৃষ্টি হয়। কয়েকটি বাস রুট পাল্টে চালানোর জন্য নির্দেশ দেয়া হয়েছিল। এতে যানজটের সৃষ্টি হয়। সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত এই অবস্থা চলে। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

পুলিশসূত্রে জানা গেছে যে, মিছিলের সময় ৬টি গাড়ি মতিঝিল এলাকায় ও একটি গাড়ি কোতোওয়ালী থানা এলাকায় ভাঙচুর করা হয়েছে। এরমধ্যে দু'টি বিআরটিসি'র বাস ও দু'টি সাহায্য সংস্থার গাড়িও রয়েছে। পুলিশ যে ২৪ জনকে গ্রেফতার করেছে তার মধ্যে ২০ জনকে মতি-ঝিল ও ৪ জনকে কোতোওয়ালী থানা এলাকা থেকে গ্রেফতার করা হয়।